

বসন্তঃ ২০০৭



লেখিকাঃ মোনালিসা মুখার্জী
 যোগাযোগঃ monamukherji@gmail.com
 পরিচিতিঃ জন্মসূত্রে না হলেও, হৃদয়সূত্রে বাঙালী মোনালিসা বর্তমানে Bombay নিবাসী, কর্মবিষয় Media, পছন্দ করেন যে কোন ধরনের ভাল গান, ভ্রমণ ও প্রাকৃতিক সৌন্দর্যের নব নব রূপ আবিষ্কার, কবিতা এবং আড্ডা।

কিছুই বললাম না তাকে
 সযত্নে গুটিয়ে রেখে নিলাম নিজের মধ্যে

কিন্তু দেখেছিলাম তাকে, অনবরত
 তার মুখমণ্ডলের তেজ আমার চোখ করছিল পান
 আমার কোষসমূহ দুমড়ে মুচড়ে ক্লান্ত হল
 থেমে গেল সব ভেতরে, অন্তরে

ওর চোখ কিছু বলতে চেয়েছিল হয়ত
 তবে কি সে জানত সব কিছু ?

শব্দ শেষ হয়ে এল
 চোখ এল বুজে, মুগ্ধতায়

সে নত হল
 পূজার দুটি ফুল আমার হাতে রেখে,
 মঠের কোন অন্তরকক্ষে গেল মিলিয়ে

হ্যাঁ, গুটিয়ে নিয়েছিল সেও নিজেকে
 আমি তার মরীচিকা সম
 দুর্লভ, নিষিদ্ধ, বর্জিত

সে বছর,
 বসন্ত এল ভ'রে
 ওই দুটি ফুলে

(মূল হিন্দী থেকে ভাষান্তরঃ বৌদ্ধায়ন মুখার্জী; বৌদ্ধায়ন খাস উত্তর কলকাতার বাঙালী, কর্মসূত্রে কৃতি ad-film maker, এবং মনেপ্রাণে লেখক, ভালবাসেন সঙ্গীত ও সুখাদ্য)